The Bangladesh Observer

ভোরের কাগজ

তারিখ 16 APR 20·3



*ইডেন কলেজে গতকাল সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের ডাকে ছাত্র ধর্মঘট পালিত হয়*

# ইডেন কলেজে ছাত্র ধর্মঘট শুরু

কাগজ প্রতিবেদক : ইডেন কলেজে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট আহূত তিন দিনব্যাপী ছাত্র ধর্মঘটের প্রথম দিন গতকাল মঙ্গলবার শান্তিপূর্ণভাবে পালিত হয়েছে। সন্ত্রাস ও দখলদারিত্বমুক্ত শিক্ষার পরিবেশ নিশ্চিত করা, ছাত্রফ্রন্ট নেতাকর্মীদের ওপর হামলাকারী ছাত্রদল নেতাকর্মীদের বিচার প্রভৃতি দাবিতে ছাত্রফ্রন্ট ১৫ থেকে ১৭ এপ্রিল পর্যন্ত তিনদিন ছাত্র ধর্মঘট আহ্বান করে।

ধর্মঘট চলাকালে গতকাল ছাত্রফ্রন্টের ছাত্রীরা সকাল ৮টা থেকে কলেজ গেটে বিভিন্ন দাবিসংবলিত ব্যানার, প্ল্যাকার্ড,

● এরপর পৃষ্ঠা ১১ কলাম ২

তুলেন।

## ইডেন কলেজে

● শেষের পাতার পর

ফেস্টুনসহ অবস্থান গ্রহণ করে। বেলা ১টায় অনুষ্ঠিত সমাবেশে ছাত্রফ্রন্ট ইডেন কলেজ শাখার নেতৃবৃন্দ বলেন, গত ১ এপ্রিল আমাদের নেতাকর্মীদের বহিরাগত আখ্যা দিয়ে ছাত্রদলের সন্ত্রাসীরা হোস্টেল থেকে বের করে দেয়।

১ এপ্রিল থেকে ১৫ এপ্রিল এই ১৫ দিন আমাদের নেতাকর্মীরা হোস্টেলের বাইরে মানবেতরভাবে দিন কাটাচ্ছে। নেতৃবৃন্দ বলেন, যাদের মাস্টার্স পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়নি, তারা কি করে বহিরাগত হয়?

নেতৃবৃন্দ অবিলম্বে হোস্টেল ও কলেজ ক্যাম্পাসে ছাত্রীদের নিরাপত্তা এবং হোস্টেলে সহাবস্থান নিশ্চিত করার দাবি জানান।

সমাবেশে বক্তব্য রাখেন আসমা আইয়ুব বেবী, শামীমা পারভিন রোজী, কৃষ্ণা মণ্ডল, নাসরিন সুলতানা আমিনা প্রমুখ।